গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

উপজেলা আইসিটি কমিটির সেপ্টেম্বর ২০২১ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | বিপিন চন্দ্র বিশ্বাস<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রি. |
| সভার সময় | বিকাল ৩:৩০ ঘটিকা |
| স্থান | ভার্চুয়াল জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | ভার্চুয়াল সভার স্ক্রিনশর্ট (সংযুক্ত) |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবে সৃষ্ট দুর্যোগকালীন সময়ে সরকার কর্তৃক প্রণীত স্বাস্থ্যবিধি ও শর্তাবলি মেনে দাপ্তরিক কাজ গতিশীল রাখার বিষয়ে সকলকে অনুরোধ করেন। সদস্য সচিব, সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। অতঃপর সভার আলোচ্য সূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | **উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য:**<br>ক) সহকারী প্রোগ্রামার সভাকে জানান যে, গৌরনদী উপজেলা ওয়েবসাইটসহ কয়েকটি দপ্তরের ওয়েবসাইট ১০০% হালনাগাদ থাকলেও অত্র উপজেলার বেশিরভাগ দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ নেই। উল্লেখ্য, এ সংক্রান্ত দুইটি আলাদা প্রতিবেদন জেলা প্রশাসনের নির্দেশে সহকারী প্রোগ্রামার, গৌরনদী, বরিশাল এবং সচেতন নাগরিক কমিটি (সনাক), বরিশাল দাখিল করেন। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকল দপ্তরের নিজ নিজ ওয়েবসাইট বাংলা এবং ইংরেজি উভয় ভাষায় তথ্য হালনাগাদের গুরুত্বারোপ করেন।<br>খ) মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই প্রোগ্রামের আওতায় অত্র উপজেলায় কর্মকর্তা/কর্মচারীদের জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদকরণ বিষয়ক একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। প্রশিক্ষণে অংশগ্রহণের পূর্বেই মুক্তপাঠ (muktopaath.gov.bd)-এ 'জাতীয় তথ্য বাতায়ন ব্যবস্থাপনা' বিষয়ক অনলাইন কোর্স সম্পন্নের নির্দেশনা রয়েছে। এখন পর্যন্ত ১৮ জন কর্মকর্তা/কর্মচারী ইতোমধ্যে কোর্সটি সম্পন্ন করেছেন। অবশিষ্টদের দ্রুত কোর্সটি সম্পন্নের জন্য অনুরোধ জানানো হয়। | ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক অত্র উপজেলার সকল দপ্তর (উপজেলা ও ইউনিয়ন পর্যায়) নিজ নিজ ওয়েবসাইট বাংলা এবং ইংরেজি উভয় ভাষায় নিয়মিত তথ্য হালনাগাদ করবেন।<br>খ) ওয়েবসাইট হালনাগাদকরণ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের জন্য অত্র উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারী এবং ইউনিয়ন পরিষদের সচিব ও উদ্যোক্তাদের আবশ্যিকভাবে মুক্তপাঠ muktopaath.gov.bd) থেকে 'জাতীয় তথ্য বাতায়ন ব্যবস্থাপনা' বিষয়ক অনলাইন কোর্স সম্পন্ন করতে হবে। কারিগরি সহায়তার জন্য **জনাব মোঃ শরিফুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, গৌরনদী, বরিশাল** এর নিকট হতে প্রয়োজনীয় তথ্য ও সহযোগিতা গ্রহণ করা যাবে। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী প্রোগ্রামার, উপজেলার সকল দপ্তর প্রধান ও সকল ইউপি চেয়ারম্যান, গৌরনদী, বরিশাল |

